গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২১.২০-১৬০ তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬ ব. / ২৩ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর এর সাবেক অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর পক্ষে টিএমইডিতে প্রেরিত Notice Demanding Justice সংক্রান্ত।

| | | |
|---|---|---|
| সূত্র: | (১) টিএমইডি'র স্মারক নং- টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫-১৬-২৩৪ | তারিখ: ২৯/০৪/২০১৯ খি |
| | (২) উপশহর আলিম মাদ্রাসা'র সাবেক অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর আবেদন | তারিখ: ২৮/০৬/২০১৯ খি. |
| | (৩) টিএমইডি'র স্মারক নং- টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫-১৬-৪৪৫ | তারিখ: ০১/০৯/২০১৯ খি |
| | (৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.-০৭৬.১৯.২৮৮, | তারিখ: ১৭/০৯/২০২০ খ্রি. |
| | (৫) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০. ০০৫.১২.-০০৪.২০.৪২, | তারিখ: ১৭/০২/২০২০ খ্রি. |
| | (৬) জনাব জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর পক্ষে প্রেরিত Notice Demanding Justice | তারিখ: ১২/০৩/২০২০ খ্রি. |

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর এর বর্তমান অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং- ৮৭৫০/২০১৬ মামলার রায় ও উক্ত রায়ের বিরুদ্ধে দায়েরকৃত লীভ টু আপীল নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলায় প্রদত্ত ১০/১২/২০১৮ তারিখের রায়/আদেশের প্রেক্ষিতে অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন এর বেতন-ভাতাদি ছাড়করণের জন্য ডিজি, ডিএমই-কে নির্দেশনা দিয়ে টিএমইডি হতে গত ২৯/৪/১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

০২। ডিজি, ডিএমই বরাবর প্রেরিত উক্ত পত্রের (বর্তমান অধ্যক্ষ,জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন এর এমপিও চালুকরণ বিষয়ে) আলোকে কোন ব্যবস্থা গ্রহণ না করার জন্য বরখাস্তকৃত সাবেক অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক ২৮.৬.১৯ তারিখে সচিব,টিএমইডি বরারব সূত্রোক্ত (২) নং আবেদন করা হয়।

০৩। যেহেতু মহামান্য হাইকোর্ট ও আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশের আলোকে বর্তমান অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন-এর এমপিও প্রদানের জন্য টিএমইডি হতে ২৯/৪/১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল সেহেতু উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি জানানোর জন্য টিএমইডি হতে পুনরায় ডিএমই বরারব ০১/০৯/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

০৪। টিএমইডি হতে সূত্রোক্ত (১) ও (৩) নং পত্র দুটি জারির পূর্বে বরখাস্তকৃত সাবেক অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক তাঁর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি পুন:বিবেচনা করার জন্য ১৪/০৭/১৯ তারিখে চেয়ারম্যান, বামাশিবো বরারব আবেদন দাখিল করা হয়।

০৫। দাখিলকৃত উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক চেয়ারম্যান, বামাশিবো-কে ২ নং রেসপনডেন্ট করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৯১৫০/২০১৯ মামলা দায়ের করা হয়।

০৬। জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক দায়েরকৃত উক্ত রিট পিটিশন নং-৯১৫০/১৯ মামলায় গত ১৫.১০.১৯ তারিখের প্রদত্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরুপ-

"However, let us make it clear that the respondent No. 2 will be at liberty to take decision on the said application in any manner in accordance with law.অর্থাৎ respondent No. 2 তথা চেয়ারম্যান,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড (বিএমইবি)কে জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক বিএমইবি-তে দাখিলকৃত আবেদনটি যে কোন পদ্ধতিতে নিষ্পত্তির জন্য এখতিয়ার দেয়া হয়েছে।

০৭। ইতোমধ্যে টিএমইডি'র ০১/০৯/১৯ তারিখের সূত্রোক্ত (৩) নং স্মারকের প্রেক্ষিতে উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর এর বর্তমান অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন এর বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের জন্য ডিএমই কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে সূত্রোক্ত (৪) নং পত্র হতে স্পষ্ট হয়।

০৮। পরবর্তীতে একই বিষয়ে (বর্তমান অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন-এর এমপিও প্রদানের জন্য) ১৭/০২/২০২০ তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকে ডিএমই হতে পুনরায় পত্র জারি করা হয় মর্মে Notice Demanding Justice সূত্রে দৃষ্ট হয়।

০৯। ডিএমই এর উক্ত পত্র দুটির কার্যক্রম (বর্তমান অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন-এর এমপিও প্রদানের জন্য) বন্ধের নিমিত্ত উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর এর বরখাস্তকৃত (সাবেক) অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক এর পক্ষে মহোদয় কর্তৃক সচিব, টিএমইডি ও ডিজি, ডিএমইসহ মোট ৪ (চার) জন কর্মকর্তা বরাবর সূত্রোক্ত (৬) নং Notice Demanding Justice প্রেরণ করা হয়েছে।

চলমান পাতা নং-০২

১০। উল্লেখ্য যে,- বরখাস্তকৃত (সাবেক) অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৯১৫০/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ১৫/১০/২০১৯ তারিখের রায়/আদেশে উপশহর আলিম মাদ্রাসা, সদর, যশোর এর অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) এর বেতন-ভাতাদি (এমপিও) বন্ধ রাখার বিষয়ে কোন নির্দেশনা নেই।

১১। অধিকন্তু অধ্যক্ষ, জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) এর বেতন-ভাতাদি (এমপিও) চালুকরণ বিষয়ে ডিএমই কর্তৃক চলমান কার্যক্রম কোন আইন,বিধি বা আদালতের আদেশ দ্বারা বারিত এ মর্মে উক্ত Notice Demanding Justice এর সাথে কোন প্রমানক দেয়া হয়নি।

১২। যেহেতু বরখাস্তকৃত (সাবেক) অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৯১৫০/২০১৯ মামলায় ডিএমই কর্তৃক ইস্যুকৃত পত্র (১৭/০৯/২০১৯ তারিখের ২৮৮ ও ১৭/০২/২০২০ তারিখের ৪২ সংখ্যক স্মারকপত্রদ্বয়) ০২ টির কার্যক্রম বন্ধের কোন নিষেধাজ্ঞা নেই বা ডিএমই কর্তৃক ইস্যুকৃত পত্র ০২টির কার্যক্রমকে বারিত করে এমন কোন আইন,বিধি বা আদালতের আদেশ Notice Demanding Justice এর সাথে সংযুক্ত করা হয়নি সেহেতু ডিএমই হতে জারীকৃত সূত্রোক্ত (৪) ও (৫) নং স্মারকের কার্যক্রম বন্ধের কোন সুযোগ বর্তমানে নেই মর্মে নির্দেশক্রমে মহোদয়-কে অবহিত করা হলো।

২৩/০৩/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

জনাব মো: হামিদুর রহমান
বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
চেম্বার-৩৫/১, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড (৩য় তলা)
সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকা-১২১৭।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:</u>

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০ { জনাব মুহাম্মদ জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) এর এমপিও প্রদানের প্রমাণক প্রেরণের অনুরোধসহ}
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।